সৃজনশীল বাংলাদেশ



# বার্ষিক প্রতিবেদন

## ২০২২ - ২০২৩

সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া।

# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২৩

উপদেষ্টা সম্পাদক
আমিরুল ইসলাম
সাধারণ সম্পাদক
জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া

সম্পাদক
মোঃ সুজন রহমান
জেলা কালচারাল অফিসার

সহযোগী সম্পাদক
মোসাঃ সামসুন্নাহার আক্তার

আলোকচিত্র
ফাহিম হাসান
সায়েম আহমেদ

সংকলন সহযোগী
মীর আতিক আহমেদ

প্রকাশকাল
আগস্ট ২০২৩

মুদ্রণ
এম এ স্ক্রীণ প্রিন্ট



জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া

## জেলা কালচারাল অফিসারের কথা

আমাদের ঐতিহ্যবাহী সংস্কৃতিকে বিকশিত করার স্বপ্ন নিয়ে বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ১৯ ফেব্রুয়ারি বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিষ্ঠা করেন। কালের পরিক্রমায় তাঁর সেই স্বপ্নের প্রতিষ্ঠান আজ ফুলে-ফলে সুশোভিত হয়ে ৬৪ জেলা থেকে ৪৯৩ উপজেলা পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। ১৬ কোটি মানুষের জন্য শিল্প সংস্কৃতির আলো ছড়িয়ে দেবার লক্ষ্যে ছাপ্পান্ন হাজার বর্গমাইলে শিল্প-সংস্কৃতির আলো প্রজ্জ্বলনের মহান দায়িত্ব পালন করে চলেছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি। তারই ধারাবাহিকতায় জেলা শিল্পকলা একাডেমিতে বাস্তবায়িত হয়েছে বিভিন্ন ধরনের সৃজনশীল কর্মকাণ্ড। সাম্প্রতিককালে মুক্তিযুদ্ধভিত্তিক নাটক নির্মাণ, স্বপ্ন ও দ্রোহের নাটক নির্মাণ, সাহিত্য নির্ভর নাটক নির্মাণ, মূল্যবোধের নাটক নির্মাণ, চিরায়ত বাংলা নাটক, গবেষণাধর্মী ৫মিনিটের চলচ্চিত্র নির্মাণ, মুজিববর্ষে বঙ্গবন্ধুকে নিয়ে নাটক নির্মাণ করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়ন করা হয়েছে। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন, জেলার বিশিষ্ট ব্যক্তির জন্ম-মৃত্যুবার্ষিকী উদ্‌যাপনসহ পুতুলনাট্য প্রদর্শনী, অ্যাক্রোবেটিক প্রদর্শনী, চলচ্চিত্র প্রদর্শনী, যাত্রাসহ বিভিন্ন ধরনের উৎসব, প্রতিযোগিতা, বিভিন্ন বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ কর্মশালা, রিয়েলিটি শো আয়োজনের মধ্য দিয়ে জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া সংস্কৃতি চর্চা ও সংরক্ষণের কাজ করে চলেছে। জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়াতে গড়ে তোলা হয়েছে ফোকলোর সেল, ক্ষুদ্র নৃগোষ্ঠী সেল, চলচ্চিত্র সংসদ। শিল্পীর ডাটাবেজ হালনাগাদকরণ, লোক শিল্পের ঐতিহ্য সংরক্ষণ, আন্তর্জাতিক পরিমণ্ডলে শিল্প সংস্কৃতির প্রচার, প্রসার, মুক্তিযুদ্ধভিত্তিক শিল্পযজ্ঞ আয়োজনের মাধ্যমে জেলা শিল্পকলা একাডেমি গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির নির্দেশনায় প্রতিবছর শিল্পের বিভিন্ন শাখায় ৫জনকে জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা প্রদান করে শিল্পীদের সম্মানিত করতে অসাধারণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এই প্রকাশনায় জেলা শিল্পকলা একাডেমির ২০২২-২০২৩ অর্থ সালের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র ও প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার বহুমুখী কর্মকাণ্ড সম্পর্কে এ প্রকাশনা থেকে আগ্রহীরা প্রয়োজনীয় তথ্য পাবেন বলে আশা করছি।

বাংলাদেশের ঐতিহ্যবাহী জীবনঘনিষ্ঠ শিল্প সংস্কৃতির বিকাশ ও প্রসারের লক্ষ্যে বছরজুড়ে শিল্প চর্চার মাধ্যমে শিল্পীদের মূল্যায়নের যে পদক্ষেপ বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া গ্রহণ করেছে তা আমাদের কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাতে সহায়ক ভূমিকা পালন করবে। শিল্পচর্চা, শিল্পের বিকাশ আর শিল্প-সংস্কৃতির ঐতিহ্য সংরক্ষণে সর্বদা জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া কাজ করে যাবে।

মোঃ সুজন রহমান
জেলা শিল্পকলা একাডেমি
কুষ্টিয়া।

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২৩

## ❄ সূচিপত্র ❄


- জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার ২০২২-২০২৩ অর্থবছরের গৃহীত ও বাস্তবায়িত উল্লেখ্যযোগ্য কার্যক্রম
- সেবা প্রদান প্রতিশ্রুতি
- জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ
- জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
- জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার প্রশিক্ষক ও তালযন্ত্র সহকালীবৃন্দ
- ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রমের প্রতিবেদন

# জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত গৃহীত ও বাস্তবায়িত উল্লেখ্যযোগ্য কার্যক্রমসমূহ

১. জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার যৌথ আয়োজনে বিআরবি কেবলস ইন্ডাস্ট্রিজ লি: এর সৌজন্যে 'কুষ্টিয়ার কণ্ঠ' বঙ্গবন্ধু স্বর্ণপদক সংগীত প্রতিযোগিতার আয়োজন।
২. ভারত থেকে আগত গুরুজীর পরিচালনায় উচ্চাঙ্গ সংগীত বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।
৩. বাংলাদেশে শিল্পকলা একাডেমির উদ্যোগে প্রশিক্ষণ বিভাগের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার ব্যবস্থাপনায় উচ্চাঙ্গ নৃত্য (ভরতনাট্যম) বিষয়ক কর্মশালার আয়োজন।
৪. সপ্তাহের প্রতি শনিবারের সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন।
৫. হাজার বছরের শ্রেষ্ঠ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উদ্‌যাপন।
৬. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এঁর ৪৬তম মৃত্যুবার্ষিকী- ২০২২ উদ্‌যাপন।
৭. কুষ্টিয়ার কৃতি সন্তান, একুশে পদক ও স্বাধীনতা পুরস্কার প্রাপ্ত মুক্তিযুদ্ধের কণ্ঠসৈনিক এবং জাতীয় শিল্পী বীর মুক্তিযোদ্ধা প্রয়াত কণ্ঠশিল্পী আব্দুল জব্বার এঁর ৫ম মৃত্যুবার্ষিকী ২০২২ উদ্‌যাপন।
৮. মি. কুমার রায়, ডেপুটি হাই কমিশনার, নেপাল দূতাবাস, বাংলাদেশ আগমন উপলক্ষ্যে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান।
৯. "জীবন পাখি" চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন।
১০. কুষ্টিয়া জেলার কৃতি সন্তান কবি আজিজুর রহমানের ৪৪তম মৃত্যবার্ষিকী ২০২২ উদ্‌যাপন।
১১. মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন ২০২২ উদ্‌যাপন।
১২. বিশ্ববঙ্গ সাহিত্য ও সাংস্কৃতিক সম্মেলন, ভারত থেকে আগত শিল্পীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।
১৩. লোকসংস্কৃতির অন্যতম পুরোধা ব্যক্তিত্ব কিংবদন্তী বাউল সম্রাট লালন সাঁইজির ১৩২তম তিরোধান দিবস উদ্‌যাপন।
১৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন ও 'শেখ রাসেল দিবস ২০২২" উদ্‌যাপন।
১৫. শ্রীজিৎ ভট্টাচার্য, সংগীত পরিচালক ও সংগীত প্রশিক্ষক, কলকাতা, ভারত এর পরিচালনায় ২দিন ব্যাপী কণ্ঠশৈলী উচ্চারণ ও সংগীত বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন।
১৬. কথা সাহিত্যিক মীর মশাররফ হোসেনের ১৭৫তম জন্মবার্ষিকী ২০২২ উদ্‌যাপন।
১৭. বিশেষ চাহিদা সম্পন্ন শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।
১৮. মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন।
১৯. ১১ ডিসেম্বর কুষ্টিয়া মুক্ত দিবস উদ্‌যাপন।
২০. শহিদ বুদ্ধিজীবিদের স্মরণে শিল্পকলা চত্বরে মোমবাতি প্রজ্জ্বলন, আলোচনা ও চলচ্চিত্র প্রদর্শীর আয়োজন।
২১. মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন।
২২. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।
২৩. বাংলাদেশ সাংস্কৃতিক উৎসবের আয়োজন।
২৪. প্রশিক্ষণবর্ষের শুভ উদ্বোধন ও নবাগত প্রশিক্ষণার্থীদের নবীন বরণ অনুষ্ঠানের আয়োজন।
২৫. আমেরিকা প্রবাসী বিশিষ্ট সঙ্গীত শিল্পী জনাব নাইমুল করিম মেলালের একক সঙ্গীত সন্ধ্যার আয়োজন।
২৬. অলটারনেটিভ লিভিং থিয়েটার, ভারত এর মঞ্চ নাটক "লং মার্চ" পরিবেশন।
২৭. বসন্ত বরণ উৎসব-১৪২৯ উদ্‌যাপন।
২৮. শ্রীজিৎ ভট্টাচার্য, সঙ্গীত পরিচালক ও সঙ্গীত প্রশিক্ষক, কলকাতা, ভারত এর পরিচালনায় সঙ্গীত বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।
২৯. তৃতীয় বাংলাদেশ চলচ্চিত্র উৎসব-২০২৩ এর আয়োজন।
৩০. বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৯তম প্রতিষ্ঠা বার্ষিকী-২০২৩ উদ্‌যাপন।
৩১. ২১ ফেব্রুয়ারি মহান ভাষা শহিদ এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদ্‌যাপন।
৩২. হাওয়াইন গিটার সন্ধার আয়োজন।
৩৩. শব্দ নাট্যচর্চা কেন্দ্র ঢাকা এর পরিবেশনায় নাটক 'বীরাঙ্গনার বয়ান' মঞ্চায়ন।
৩৪. মিলনায়তনে মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে শিল্প শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৩৫. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ দিবস-২০২৩ উদ্‌যাপন।
৩৬. 'সাধারণ সভা ২০২৩' আয়োজন।
৩৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন।
৩৮. উচ্চাঙ্গ সংগীত ও তালযন্ত্র বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।
৩৯. যন্ত্র সংগীত উৎসব ২০২৩ আয়োজন।
৪০. তরুণ নির্মাতা আশিক রাজিবকে সংবর্ধনা প্রদান।

৪১. জাতীয় পুতুলনাট্য উৎসব ২০২৩ উদ্‌যাপন।
৪২. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপন।
৪৩. বিশ্ব নাট্য দিবস ২০২৩ উদ্‌যাপন।
৪৪. বাংলা নববর্ষ-১৪৩০ উদ্‌যাপন।
৪৫. ঐতিহাসিক মুজিব নগর দিবস ২০২৩ উদ্‌যাপন।
৪৬. বিশ্ব নৃত্য দিবস উদ্‌যাপন।
৪৭. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মজয়ন্তী উদ্‌যাপন।
৪৮. জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উদ্‌যাপন।
৪৯. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তির পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদ্‌যাপন।
৫০. বিশ্ববঙ্গ সাহিত্য ও সাংস্কৃতিক সম্মেলন, ভারতের শিল্পীবৃন্দের পরিবেশনায় বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৫১. ভারতীয় দূরদর্শন ও বেতার শিল্পীবৃন্দের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।
৫২. বিএনএম কলকাতার নৃত্য নাট্য "সাইলেন্স" পরিবেশন।
৫৩. তৃণমূল মানুষের জন্য শিল্প সংস্কৃতি শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৫৪. শিল্প ও সংস্কৃতি বিষয়ক লেকচার ওয়ার্কশপের আয়োজন।
৫৫. স্কুল শিক্ষক ও ছাত্র ছাত্রীদের নিয়ে উচ্চারণ ও নন্দনতত্ত্ব বিষয়ক কর্মশালা আয়োজন।
৫৬. জেলা পর্যায়ে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন।
৫৭. সোনার মানুষ চাই শীর্ষক অনুষ্ঠানের আয়োজন।
৫৮. ২০৪১: বাংলাদেশ হবে নান্দনিক শীর্ষক অনুষ্ঠান আয়োজন।
৫৯. গড়াই নদীর তীরে নদী মাতৃক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৬০. জঙ্গীবাদের বিরুদ্ধে শিল্প শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৬১. কুষ্টিয়া পৌরসভার বটতলায় বটতলা কেন্দ্রিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৬২. অ্যাক্রোবেটিক প্রদর্শনী আয়োজন।
৬৩. বর্ষা বরণ ১৪৩০ উদ্‌যাপন।
৬৪. দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠান আয়োজন।
৬৫. মাদকাসক্তির বিরুদ্ধে শিল্প শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৬৬. ২১ জুন বিশ্ব সঙ্গীত দিবস উদ্‌যাপন
৬৭. শিশুতোষ নাটক নীলকমল আর লালকমল মঞ্চায়ন।
৬৮. শিল্পের শহর কুষ্টিয়া শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৬৯. শিশু, কিশোর, যুবক ও প্রবীণদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।
৭০. কল্যাণ মিত্রের রচনা ও শামীম সাগরের নির্দেশনায় চিরায়ত বাংলা নাটক "সংঘাত" মঞ্চায়ন।
৭১. গবেষণাধর্মী ৫মিনিটের চলচ্চিত্র নির্মাণ।
৭২. জেলার শিল্পীদের ডাটাবেজ হালনাগাদকরণ।
৭৩. জেলার লোক ও কারুশিল্পী সমীক্ষা।
৭৪. নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।